



নারায়ণগঞ্জ-৩ ভোটকেন্দ্রে জামায়াত আগেভাগে ভোট দেওয়ার অভিযোগ ভূয়া



ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগ মাধ্যমে নারায়ণগঞ্জ-৩ আসনের সিদ্ধিরগঞ্জ ৮ নম্বর ওয়ার্ডের ধনকুণ্ডা স্কুল ভোটকেন্দ্র নিয়ে একটি ভিডিও ছড়িয়ে পড়েছে, যেখানে দাবি করা হচ্ছে, জামায়াত আগেভাগে ভোট দিচ্ছে।

দ্য ডিসেন্টের যাচাইয়ে দেখা গেছে, এই দাবি সত্য নয়। ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার মো. বশিরুল হক ভূঁইয়া নির্বাচনী কাগজপত্র সাজাচ্ছিলেন, আর স্থানীয় বিএনপি নেতাকর্মীরা এই প্রস্তুতি নিয়ে বিরোধ তৈরি করে ভিডিও পোস্ট করেছেন।

সিদ্ধিরগঞ্জের দায়িত্বে থাকা সহকারী রিটার্নিং অফিসার শাহিনা ইসলাম চৌধুরী বলেন, “নির্বাচনের জন্য প্রয়োজনীয় কাজগুলো করা হচ্ছে। কোনো বাইরের দলীয় কার্যকলাপ হয়নি। প্রিজাইডিং অফিসার রাজনৈতিকভাবে অংশগ্রহণ করেননি এবং তিনি দায়িত্বে থাকবেন।”

নারায়ণগঞ্জ মহানগর জামায়াতে ইসলামীর আমীর মাওলানা আবদুল জব্বারও জানিয়েছেন, ভিডিওতে দেখানো সিল মারা সংক্রান্ত অভিযোগ সম্পূর্ণ গুজব। প্রিজাইডিং অফিসার একজন প্রধান শিক্ষক হিসেবে তার দায়িত্ব পালন করছিলেন।

উপসংহার, নারায়ণগঞ্জ-৩ আসনে জামায়াত আগেভাগে ভোট দিচ্ছে এই দাবি ভিত্তিহীন।